দৈনিক ই-ইত্তেফাক

# উত্তরা ইউনিভার্সিটিতে ‘পাথওয়েস টু এ সাসটেইনেবল ফিউচার’ বিষয়ক সেমিনার




প্রকাশ : ১১ ডিসেম্বর ২০২৪, ২০:৩৫

সেমিনারে বক্তারা টেকসই ভবিষ্যৎ নির্মাণের প্রয়োজনীয়তা, নবায়নযোগ্য শক্তির ব্যবহার, এবং পরিবেশ সংরক্ষণে শিক্ষার্থীদের ভূমিকা নিয়ে আলোচনা করেন। এছাড়াও, জলবায়ু পরিবর্তনের প্রভাব এবং তা মোকাবিলায় প্রযুক্তিগত উদ্ভাবনের ভূমিকা নিয়েও দৃষ্টিভঙ্গি তুলে ধরা হয়।

আলোচক হিসেবে উপস্থিত ছিলেন পাওয়ার গ্রিড বাংলাদেশ (পিএলসি) এর চেয়ারম্যান ও ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সাবেক উপাচার্য প্রফেসর ড. এম রেজওয়ান খান, ইউএসটিসির সাবেক উপ-উপাচার্য ও বিজ্ঞানী প্রফেসর ড. নওসাদ আমিন, সিটি ইউনিভার্সিটির সাবেক উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শাহাদাত কবীর রিমন ও ক্লাইমেট চেঞ্জ পলিসি ম্যানেজার এন্ড আসিক্রেডিটেড ক্লাইমেট এন্ড এনভায়রনমেন্ট এর উপদেষ্টা এ এস এম মারজান নূর।

এসময় আলোচকরা বলেন, ‘টেকসই ভবিষ্যৎ নিশ্চিত করতে হলে আমাদের ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে দায়িত্বশীলতার পরিচয় দিতে হবে। ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি বাসযোগ্য পৃথিবী রেখে যাওয়ার আমাদের দায়িত্ব।’

অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উত্তরা ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. ইয়াসমীন আরা লেখা, উপ-উপাচার্য অধ্যাপক ড. গৌর গোবিন্দ গোস্বামী।

অনুষ্ঠান শেষে ধন্যবাদ জ্ঞাপন করেন ইইই বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. শাকাওয়াত জামান সরকার। উক্ত, অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, সম্মানিত শিক্ষকমন্ডলী ও বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা।